

# বাউবি'র ৩০তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

নিজস্ব প্রতিবেদক

২১ অক্টোবর ২০২২ ০৮:০৯ পিএম | আপডেট: ২১ অক্টোবর ২০২২

০৮:০৯ পিএম

1  
Shares



চপস্টিক কিনলেই  
নিশ্চিত উপহার\*



চপস্টিক  
চলচ্চিত্র বাজেট

advertisement

দেশের একমাত্র দূরশিক্ষণ প্রতিষ্ঠান বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে আজ প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। আজ শুক্রবার সকালে ৩০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে গাজীপুর ক্যাম্পাসে ‘স্বাধীনতা চিরন্তন’ স্মারক ভাস্কর্যের পতাকা স্বত্ত্বে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলন করেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার।

এ সময় একইসঙ্গে দেশ জুড়ে বাউবি'র সকল আঞ্চলিক ও উপ আঞ্চলিক কেন্দ্রেও পতাকা উত্তোলন করেন অফিস প্রধানগণ। এরপর উপাচার্যের নেতৃত্বে ‘স্বাধীনতা চিরন্তন’ স্মারক ভাস্কর্যে পুস্পার্ঘ অর্পণের মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। পরে শান্তির প্রতীক সাদা পায়রা নীল আকাশে অবমুক্ত করেন উপাচার্য, প্রো-উপাচার্যগণ, ট্রেজারার, রেজিস্টার, ডিন, পরিচালক, বাউবি শিক্ষক সমিতি, বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরাম। ৩০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে উপাচার্যের নেতৃত্বে ৩০ পাউন্ড ওজনের কেক কেটে বর্ণাত্য এক উৎসব পালন করে বাউবি।

এ সময় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বলেন, ‘বৈষম্যহীন, সার্বজনীন একটি বিশ্ববিদ্যালয় বাউবি। ধনী দরিদ্র, বঞ্চিত জনগোষ্ঠী কৃষক, শ্রমিক, মজুর, ডাক্তার, সচিব, প্রকৌশলী, রাজনীতিবিদসহ সব বয়সের মানুষ আমাদের শিক্ষার্থী। প্রতিষ্ঠার ৩০ বছরে এসে বাউবি শিক্ষাদানের ক্ষেত্রে দক্ষতাভিত্তিক শিক্ষাকে অগ্রাধিকার দিয়েছে।’

গণমুখী, কর্মমুখী ও জীবনব্যাপী শিক্ষাকে সবার জন্য উন্মুক্ত করে রাখার প্রত্যয় ব্যক্ত করেন তিনি। বাউবি আজ ভার্চুয়াল বিশ্ববিদ্যালয়ের দাঁড়প্রান্তে। দেশের গভীর পেরিয়ে বিশ্বের কয়েকটি দেশে বাঙালি রেমিটেন্স যোদ্ধাদের জন্য স্টাডি সেন্টার খুলেছে বাউবি। এ সময় তিনি বাউবির দীর্ঘ এ পথচলায় সাবেক উপাচার্য, প্রো-উপাচার্য, ট্রেজারার, রেজিস্ট্রার, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীসহ যাদের শ্রম, ঘাম আর চিন্তা মিশে আছে সকলের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহা. শফিকুল আলম, বাউবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ডা. সরকার মো. নোমান, সাধারণ সম্পাদক মো. আব্দুস সাত্তার ও বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফেরামের সভাপতি অধ্যাপক মো. আনন্দায়ারুল ইসলাম, সাধারণ সম্পাদক মেহেরীন মুনজারীন, ডিন, পরিচালক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন তথ্য ও গণসংযোগ বিভাগের পরিচালক (ভারপ্রাপ্ত) ড. মেজবাহ উদ্দিন তুহিন।